৪ চরণ	অন্য মৌজের বাকীর জন্য এই মৌজে বিক্রয় হইবেক		চক মেটর পরগনে উকরি	মজহর হুসেন গয়রহ	১২৩৸৶৪	৩৫৪/২	হক হিস্যা খরগসেন তাহার পরলোক হওনের পর বেচু সিংহ দুবিরি সিংহ ১৭ বিঘা ॥০ কাট্টা জমীন আয়েমা স্থাপিত মৌজে মানশাহপুর নথারর সামিল জমীন চকমটর পরগনে উকিরি বিক্রয় হইবেক কারণ বাকী সুদ প্রাপ্য মৌজে রসুলপুর থানা পরগনে উকিরির নিমিত্তক
							হক হিস্যা চোয়া সিংহ তাহার পরলোক হওনের পর মুরত সিংহ পলু সিংহ খরকধারি সিংহ ঐ ঐ ঐ
							ঐ টৌরল সিংহ তাহার পরলোক হওনের পর লোকী সিংহ ও মদন সিংহ ঐ ঐ ঐ
							ঐ নিরঞ্জন সিংহ তাহার পরলোক হওনের পর সরধা সিংহ ও শোভা সিংহ ও ভৈরব সিংহ ও চমুন সিংহ ও প্রভু সিংহ ঐ ঐ ঐ
							ঐ উদিত সিংহ তাহার পরলোক হওনের পর জগী সিংহ শরেয়া সিংহ তিলু সিংহ দহরণ সিংহ ঘাট সিংহ ঐ ঐ ঐ
							ঐ পুলিত সিংহ তাহার পরলোক হওনের পর ডিঙ্কা সিংহ রেওয়া সিংহ পৃথী সিংহ গুরুদয়াল সিংহ ঐ ঐ ঐ
							ঐ দেবী সিংহ তাহার পরলোক হওনের পর লালজি সিংহ রেওয়া সিংহ ঐ ঐ ঐ
							ঐ বোধন সিংহ তাহার পরলোক হওনের পর চলন সিংহ ঐ ঐ ঐ
							ঐ কোমল সিংহ তাহার পরলোক হওনের পর নারায়ন সিংহ ঐ ঐ ঐ
							ঐ আজিত সিংহ তাহার পরলোক হওনের পর যোধন সিংহ ঐ ঐ
ঐ			চক ইয়াকুবপুর ওরফে শেরপুর রকবে গোনাডা পরগনে ভেলায়র	সেখ কেয়মদ্দীন গয়রহ... ...	৪০৸২	১৪০৯৸৶১০	হক হিস্যা সেখ কামদ্দীন ও হিউদিন মসমাত আজিজুন নেসা মেহরুন নেসা মসমত সাদুন নেসা মসমত হুসেনি ও মসমত মখু বেগমের মুক্তার মির সেলামত আলী মৌজে চক এয়াকুবপুর ওরফে সেরপুর রকবে গনাডা ঐ আকুবপুর গনাডা বিক্রয় হইবেক কারণ বাকী মালগুজারী প্রাপ্য মৌজে সৈয়দপুর পরসা পরগনে ফুলাতির নিমিত্তক।
			ইয়াকুবপুর গোনাডা পরগনে ঐ ...	সেখ কায়ামদ্দীনগয়রহ... ...	১২৯৸৫		

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	হৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লেখা মালিক	সদর জমা	সন ১৮৪৬ সালের লাং কিস্তী ৭ অক্টোবর	কৈফিয়ৎ
৪ চতুর্থ	অন্য মৌজার বাকীর নিমিত্ত এই মৌজা বিক্রয় হইবেক।		অর্দ্ধেক মৌঃ করিগাঁও সামিল লাট জগন্নাথপুর ওগয়রহ পঃ মহের	রায় প্রাণকিসুন ও খুসিহাল সিং ও গয়রহ	১৮৭২ ।/৫	১০২৩ ।/	হক হিস্যা দেবীপ্রসাদ উত্তরাধিকারী ও মহতাবসিং জামিনদার নন্দকিশোর যে ষ্টাম্পবিক্রেতা ছিল আদালত বেহারের ঐ সকল সম্পত্তি যাহা চতুর্থ খানায় লেখা গিয়াছে বিক্রয় হইবেক কারণ খরচা মোকদ্দমার সরকার বাহাদুরের দেনা হইয়াছে তাহার আদায় করিবার নিমিত্ত যেমত মাহাতাব সিংহের পিতা দেবীপ্রসাদের এক রারনামায় লিখিত আছে।
			মোহকমচক সামিল লাট ঐ পঃ ঐ	ঐ			
			তিতাইগণ্ডু সামিল ঐ ঐ	ঐ			
			কোলহাই অজরকবে টনকুপি সামিল ঐ ঐ ...	ঐ			
			টনকুপা সামিল লাট ঐ ঐ	ঐ			
			টনকুপি সামিল লাট ঐ ঐ	ঐ			
			করহরা সামিল লাট ঐ ঐ	ঐ			
			নরহরখাপ সামিল লাট ঐ ঐ	ঐ			
			ছয়খান ঘর এক কুঠরি স্থাপিত মহলা নজরা গণ্ডু পঃ গয়া	দেবীপ্রসাদ			
			মজরে ইয়াতবারপুর পঃ নরহট	ঐ	৫৬৬৲		
১৬	ঐ		রহরগরা পঃ শহরঘাটি	ভৌজু খাঁ	৭৩॥/৭	১৮৪ ।৶/১১	মৌঃ রহরগরা পঃ শহরঘাটি তোরাবআলী খাঁএর অংশ বিক্রয় হইবেক মৌঃ বারা ওগয়রহ পঃ শহরঘাটির বাকী মালগুজারীর নিমিত্ত।
			২ বাগীচা ৯০ বৃক্ষসহিত স্থাপিত মৌঃ করওয়া পঃ উকরি	... ...		২৭২ ।৶/১	হিমত সাহায় ওগয়রহ মুস্তাজির সকলের জামিনদার চুলহনসিংহের অংশ যাহা চতুর্থ খানায় লেখা গিয়াছে বিক্রয় হইবেক মৌঃ ফরিদপুর উসুয়া পঃ উকরির মহলের বাকীর নিমিত্ত।
	জমি ইনবেলিড জাগির		ইনবেলিড জমী স্থাপিত মৌঃ কুরহুয়া বন্দোপুর থানা ফিং জ্ঞায়নগরের অন্তঃপাতি... ...	রামসহায় ওগয়রহ	২৮/১০ ক্রান্তি	২৮/১০ ক্রান্তি	এই মৌজা বিক্রয় হইয়াছিল গত ২ জুলাই তারিখে কিন্তু খরিদার নিয়মিত সময়ে খরিদের টাকা না দেওয়াপ্রযুক্ত পুনরায় বিক্রয় হইবেক ১৬ প্রকরণ ১ আইন ১৮৪৫ সালের অনুযায়ি।
			ঐ ঐ	কুঞ্জন সিং ওগয়রহ	৪৲	৪৲	
			ঐ ঐ	চমরুরাম ওগয়রহ	॥১০৮	॥১০৮	
			ঐ স্থাপিত মৌঃ বিষ্ণুনপুর তাজপুরা পঃ ঐ থানা জলালাবাদের অন্তঃপাতি	ধওকল সিং ওগয়রহ	৩৮৪	৫ ॥/৪	
			ঐ মৌঃ সুরজপুর অমরা পঃ ঐ ঐ	ঐ	১৭ ।৶/২॥	২৫ ॥/২ ॥	
			ঐ ঐ ঐ	সমোদ সিং	৫ ।/২৸	৮/২৸	
			ঐ ঐ ঐ	ভৈরো তেওয়ারি	১৪৸৶১১	১৪৸৶১১	
			ঐ ঐ ঐ	বসন্ত তেওয়ারি...	২৪৸২	২৪৸২	
			ইনবেলিড জমী সকরী খোর্দের রকবাহইতে পঃ ঐ সামিল থানা ফিং জ্ঞায়নগর	ঝনা	২ ।৶/৯	২ ।৶/৯	

W. Bell, *Offg. Collector.*

এত্তেলানামা কাছারী কালেক্টরী জেলা মালদহ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে এই জেলার নীচের লিখিত মাহাল সরকারে বাকী রাজস্ব আদায় কারণ সন ১৮৪৬ সালের ৫ নবেম্বর মোতাবেক সন ১২৫৩ সালের ২১ কার্ত্তিক বৃহস্পতিবার এ কালেক্টরির কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	তৌজীর লিখিত মালিকের নাম	সদর জমা কোম্পানি	সন ১২৫৩ সালের লাগাদ কিস্তী ভাদ্রের বাকী	মন্তব্য কথা
১	এস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল	৮৪	তরফ হুসেনপুর পরগনে কোতওয়ালী	হরসুন্দরী দেব্যা	২৬১৪ ৷৷৵৯	৬৩৭৸৵১১	এই মহালের দশসনি বন্দোবস্তী ২৪৫১ ।১৯॥ সিক্কা সদর জমা লিখা যায় সন ১২৫৩ সালের লাগায়েদ কিস্তী ভাদ্রের বাকী আদায় কারণ সম্যক নীলাম হইবেক।

মালদহ। ডিপুটী কালেক্টরী। সন ১৮৪৬। ইং তাং ১০ অক্টোবর।

F. DRUMMOND, *Offg. Deputy Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলে ঢাকা জালালপুরের নীচের লিখিত মহাল ১২৫৩ সনের লাং ১ আশ্বিনের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৬ সনের ৬ নবেম্বর মোং ১২৫৩ সনের ২২ কার্ত্তিক শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৬। ইং তারিখ ১০ অক্টোবর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৩ সনের লাং ১ আশ্বিনের পাওনা বাকী
১	ইস্তমোরারি জমা ধার্য্যহওয়া মহাল	৪৭৬	মহাল হজুরি তাং রাজকৃষ্ণ সেন	মহাদেব রায়	১০৩৪৷৵৮ ॥	২৩৮৸৶

J. WHELER, *Offg. Collector.*

এস্তহারনামা কাছারি কালেক্টরি জিলে ভুলুয়া।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ছয় ধারার মর্ম্মানুযায়ি জিলা ভুলুয়ার নীচের লিখিত মহালাতের সন ১২৫৩ সনের লাং কিস্তী ভাদ্রের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৪৬ সনের ১৬ নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৫৩ সনের ২ অগ্রহায়ণ সোমবার অত্র কাছারিতে বিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ৯ অক্টোবর মোং সন ১২৫৩ সন তারিখ ২৪ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার চৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	১৯	পরগনে সন্দীপ চর আবজল ফকিরা হিস্যা ।১৸ কড়া	... মনওর আলী ও রওসন আলী...	৬৫৮ ॥৶১০	সন ১২৫৩ সনের লাং কিস্তী ভাদ্রের বাকী খাজানা ২১৫ ॥৶৯	
ঐ	ঐ	২৮৬	পং অমুরাবাদ হিঃ ॥৶১৩।– ক্রান্তি তাং কিস মত রফিকপুর	মাহাম্মদ তোরাপ পরাণবিবি ...	১৬০৶৫	ঐ ৪৯ ॥৶৮	
ঐ	ঐ	৬১১	পং হিঃ ঐ তাং শিশু বিশ্বনাথ	লক্ষ্মীকান্ত সৌং রামমাণিক্য সৌং	২৬ ॥৶৮	ঐ ১১ ॥৶	
ঐ	ঐ	৮১৮	পং হিঃ ঐ তাং রামরত্ন চক্র	মৌলবী মাহাম্মদ আজীজদ্দীন ... সেক শাহমতআলী সেকআহাম্মদ	১৯৶২	ঐ ৮ ৶	
ঐ	ঐ	১২৪৬	চাকলে অনুদিয়া তাং রাজকল্যাণ	উল্লা ও আছানুল্লা জমাদার ...	২৬ ॥৶৮	ঐ ১১ ॥৶	

৪	অন্যং মহালের বাবদ পাওনা বাকী মালগুজারির নিমিত্তে যে মহাল নীলাম হয়	০	পং অমুরাবাদ হিঃ ॥৶১৩।– ক্রান্তি মধ্যে তালুক রামমায়ার হিস্যা ॥৶ আনার মালিক শিব ভূঞার মধ্যে হরেকৃষ্ণ ঘোষের সিকমী মৌজে কাদিরপুরের বেণ্ডী সাহেবের হাট ও দীঘি সমেত আন্দাজী ॥০ কি ॥৶ কানী জমী ...	হরেকৃষ্ণ ঘোষ	সিকমী মহাল বিধায় জমার নির্দ্দিষ্ট লিখা গেল না	নীলামখাস্ত বাকী খাজানা ময় সুদ ও সুদ জরীমানা লাং ৩০ এ পরেল সন ১৮৪৬। ২২১৭২ ৷৶৫	পং অমরাবাদ মধ্যে তালুক তোরাপ ওমেদ সিং ২২ কেত্তা তালুকের নীলামখাস্ত বাকী আদায় কারণ এই মহালে হরেকৃষ্ণ ঘোষের হকুক নীলাম বিক্রী হইবেক।

G. D. Wilkins, *Offg. Deputy Collector.*

বিদ্যাধ্যাপন বিষয়ি ইশ্তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে নিযুক্ত হওনের ও উচ্চ পদ পাইবার আকাঙ্ক্ষিরদের ইমতিহান লইতে কমিটির সাহেবেরদের আগামি বৈঠক নবেম্বর মাসের ৭ তারিখ শনিবারে ঠিক দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

ঐ ইমতিহানের প্রকার ও যেং বিষয়ের ইমতিহান হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে তাহা প্রভৃতি বিষয়ের বিস্তারিত সম্বাদ কার্য্যাকাঙ্ক্ষিরা জানিবার নিমিত্তে নিজে প্রার্থনা করিলে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেব তাহা জানাইবেন।

এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ৮ অক্টোবর।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the Twenty-second day of September instant, in the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business in copartnership with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland, and Albert Mirabeau Dowleans, at Calcutta, under the style or firm of Tulloh and Company, it was ordered that Robert O'Dowda and Colin Campbell, Esquires, should be appointed Assignees of the joint, real and personal Estate of the said William Hunter Smoult, as a copartner with the said William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland, and Albert Mirabeau Dowleans, now vested in Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of the said Court, by force of an adjudication made on the Twenty-ninth day of August last, and that the said Patrick O'Hanlon should forthwith assign over the same to the said Robert O'Dowda, and Colin Campbell, and it was further ordered that the said Patrick O'Hanlon, as such Common Assignee as aforesaid, and the said William Hunter Smoult, should forthwith put the said Robert O'Dowda, and Colin Campbell into possession of all the Estate and Effects of the said William Hunter Smoult, dated this 22d day of September, 1846.

FRITH and SANDES, *Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

টালা কোম্পানির নামে কলিকাতা নগরে কর্ম্মকারি উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হণ্টর স্মৌল্ট সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আগষ্ট মাসের ২৯ তারিখের হুকুমক্রমে উক্ত আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম হণ্টর স্মৌল্ট সাহেবের সাধারণ স্থাবর ও অস্থাবর সম্পত্তির যে আসৈনি পদে নিযুক্ত হন্ সেই আসৈনি পদে শ্রীযুত রাবর্ট ওডৌড, সাহেব ও শ্রীযুত কলিন কাম্বেল সাহেব নিযুক্ত হন্ এইমত হুকুম বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ২২ তারিখে হইল আরো হুকুম হইল যে উক্ত শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত সকল সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের এবং শ্রীযুত কলিন কাম্বেল সাহেবের হস্তে সমর্পণ করেন্ এবং আরো হুকুম হইল যে উক্ত সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব এবং উক্ত উলিয়ম হণ্টর স্মৌল্ট সাহেব উক্ত উলিয়ম হণ্টর স্মৌল্ট সাহেবের সকল মাল ও সম্পত্তি উক্ত শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব ও শ্রীযুত কলিন কাম্বেল সাহেবের হস্তে সমর্পণ করেন্ ইতি। ১৮৪৬। তারিখ ২২ সেপ্টেম্বর।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

In the matter of WILLIAM NICHOL, carrying on business in copartnership with Henry Malcolm Low, and Andrew Wilkie, at Calcutta, under the style or firm of Nichol, Wilkie and Company.

NOTICE is hereby given, that by an order made in this matter of the eighth day of October instant, upon the application of Manoel Pedro Guimaraens and others, it was adjudged that the Petition presented by the said Manoel Pedro Guimaraens, and the other Petitioners in the said Petition named to this Court, was true, and that the above named William Nichol, had committed an Act of Insolvency within the Provisions of the Statute of 9, George IV. Cap. 73.

FRITH and SANDES, *Attornies.*

নিকল উইলকি কোম্পানির নামে কলিকাতা নগরে হেনরি মালকম লো সাহেবের ও আন্দ্রু উইলকি সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম নিকল সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মানুএল পিদ্রো গিমারাইন্স ওগয়রহের দরখাস্তমতে বর্ত্তমান অক্টোবর মাসের ৮ তারিখে হুকুম হইল যে উক্ত মানুএল পিদ্রো গিমারাইন্স ওগয়রহ যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য বটে এবং উক্ত উলিয়ম নিকল সাহেব যোত্রহীন হইয়া চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধানানুসারে উপকার পাইতে পারেন্।

ফ্রিথ ও সাণ্ডিস। উকীল।

In the matter of HENRY GERARD BETTS, an Insolvent.

NOTICE is hereby given, that pursuant to an order bearing date the 9th day of October instant, the Schedule filed by the said Insolvent, has been amended and can be referred to by any Creditor at the Office of the Chief Clerk of the said Court, and that the hearing of the matters of the Petition of the said Insolvent, will be heard on Saturday, the fifth day of December next, at the hour of 11 o'clock in the forenoon.

SHAW and LYONS, *Insolvent's Attornies.*

Calcutta, 14th October, 1846.

যোত্রহীন হেনরী গেরার্ড বেট্টস সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ৯ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীন যে তফসীল দাখিল করেন্ তাহা শুধরাণ গিয়াছে এবং মহাজনেরা উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখিতে পারেন্ এবং উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বেলা এগার ঘণ্টার সময়ে শুনা যাইবেক।

কলিকাতা। ১৮৪৬। ১৪ অক্টোবর।

শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 20th October,* 1846.]

In the matter of RAMKISTNO BAGCHEE, late of Churruckdangah, in the Town of Calcutta, Merchant and Trader, but at present residing at Cossipore, in the Suburbs of Calcutta, against whom an adjudication of Insolvency was made and pronounced on the Fifth day of June, one thousand eight hundred and forty-six, on the Petition of Gourmohun Sein, a Creditor.

NOTICE is hereby given, that by an order of this Court, made in this matter, bearing date the fifth day of September last, whereby it was ordered, that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, (that is to say) Auckhoyram and Kurrumchund, Mohurloll and Takoordoss, Mittonjoy Day, and Doorgachurn Day, Ramdhone Purramanick, Auttum Day, Gourmohun Sein, Surroopchunder Nundee, Bhuzohurry Nundee, Messieurs Mackey and Company, Estate of Ramcoomar Dutt, and Bungsheedhur Mullick, unless cause be shewn to the contrary, on Saturday, the seventeenth day of October instant.

Calcutta, 8th October, 1846. R. GRAHAM, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের চড়ক ডাঙ্গানিবাসি সওদাগর ও ব্যবসায়ি এক্ষণে কলিকাতার শহরতলী কাশীপুর নিবাসি রামকৃষ্ণ বাগচী যোত্রহীন বটেন এইমত নির্দ্ধারণ মহাজন গৌরমোহন সেনের দরখাস্তমতে ১৮৪৬ সালের ৫ জুন তারিখে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এ বিষয়ে গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়দিগের যাহা ধারেন তাহার সমস্ত দায়হইতে বর্ত্তমান অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবার বিপরীত কারণ দর্শান না গেলে মুক্ত হইবেন অর্থাৎ অক্ষয়রাম ও কর্ম্মচাঁদ, মোহরলাল ও ঠাকুরদাস, মৃত্যুঞ্জয় দে, দুর্গাচরণ দে, রামধন পরামাণিক, আত্ম দে, গৌরমোহন সেন, সরূপচন্দ্র নন্দী, ভজহরি নন্দী, মাকি কোম্পানি, রামকুমার দত্তের ইষ্টেট, রৎশীধর মল্লিক।

কলিকাতা। ১৮৪৬। ৮ অক্টোবর। আর গ্রেহাম। যোত্রহীনের উকীল।

In the matter of WOOMACHURN SEIN, late of Amratollah Lane, in the Town of Calcutta, Merchant and Trader, now residing at Ballyaghattah, in the District of Twenty-four Pergunnahs, and in the Province of Bengal, against whom an adjudication of Insolvency was made and pronounced on the eighteenth day of September, one thousand eight hundred and forty-six on the Petition of one Goluckchunder Paul, a creditor of the said Woomachurn Sein.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the thirteenth day of October instant, the matters of the Schedule of WOOMACHURN SEIN, late of Amratollah Lane, in the Town of Calcutta, Merchant, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the eighteenth day of September last, upon the application of one Goluckchunder Paul, a creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday, the fifth day of December next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said WOOMACHURN SEIN, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer, dated this 17th day of October, 1846. 4, Bankshall Street, Calcutta, W. D. H. OEHME, *Solicitor for the Insolvent.*

পূর্ব্বে কলিকাতা নগরের আমড়াতলা গলিনিবাসি সওদাগর ও ব্যবসায়ী এইক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার বালিয়াঘাটা নিবাসি উমাচরণ সেন যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ উক্ত উমাচরণ সেনের মহাজন গোলোকচন্দ্র পালের দরখাস্তমতে ১৮৪৬ সালের ১৮ সেপ্টেম্বর তারিখে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরের আমড়াতলা নিবাসি সওদাগর উমাচরণ সেন যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ উক্ত যোত্রহীনের মহাজন গোলোকচন্দ্র পালের দরখাস্তমতে গত সেপ্টেম্বর মাসের ১৮ তারিখে হইল অতএব বর্ত্তমান অক্টোবর মাসের ১৩ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত উমাচরণ সেনের তফসীলের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত উমাচরণ সেনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে। মহাজনেরা তাহা দেখিতে পারেন ইতি। ১৮৪৬ সাল ১৭ অক্টোবর।

৪ বাঙ্কশাল রাস্তা। কলিকাতা। ডবলিউ ডি এচ ওমি যোত্রহীনের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

STAR RIVER INSURANCE OFFICE.

The above Office having been opened and the business thereof commenced by the Secretaries, when instead of one hundred about sixty only of the shares had been subscribed for. We Rowland Graham and Kylasschunder Ghose, have lately to our surprize discovered. Notice is hereby given, that from this date, we renounce and disclaim all connexion with the above Office as shareholders therein, and will not be responsible on any risks or Policies that may be hereafter taken by the Office should the business thereof be continued by the Secretaries after this our public protest and disclaimer.

Calcutta, 17th October, 1846. R. GRAHAM and KYLASS CHUNDER GHOSE.

ষ্টার রিবর ইন্সুরান্স আফিস।

উক্ত আফিসের সেক্রেটারী সাহেবেরা উক্ত আফিস খুলিয়া কার্য্য আরম্ভ করিলেন কিন্তু তাহার শত শ্যার লওয়া যায় নাই কেবল যাইট শ্যার লওয়া গিয়াছে এই বিষয় আমরা অর্থাৎ রৌলাণ্ড গ্রেহাম সাহেব ও কৈলাসচন্দ্র ঘোষ দেখিয়া আশ্চর্য্য বোধ করিলাম। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আমরা ঐ আফিসের অংশিদার স্বরূপ ঐ আফিসের সঙ্গে সকল প্রকার সম্পর্ক ত্যাগ করি এবং আমারদের এই সম্বাদ প্রকাশ করণোত্তর উক্ত সেক্রেটারীরা যদি ঐ আফিসের কর্ম্ম চালাইতে থাকেন তবে ঐ আফিসের কোন দাওয়া কিম্বা পালিসির বিষয়ে আমরা দায়ী হইব না।

কলিকাতা। ১৮৪৬। ১৭ অক্টোবর। আর গ্রেহাম। কৈলাসচন্দ্র ঘোষ।

ইশতিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মোকদ্দমার রিপোর্ট ঐ আদালতের উকীল শ্রীযুত আলেন আলেক-

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 27, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ২৭ অক্টোবর।

DRAFTS OF ACTS.

[*Second Insertion.*]

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE.

THE 29TH AUGUST, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 29th of August 1846:

ACT No. —— OF 1846.

An Act to facilitate the execution of the sentences of Courts established by the authority of the Governor General in Council for the administration of Criminal Justice in States or Territories administered by Officers acting under the authority of the East India Company.

reby enacted, that within the Territo- to the Government of the East Indi- ny and without the local limits of the jurisd- of Her Majesty's Courts of Judicature, the s- Officers in charge of Jails shall be compe- ive effect to any sentence that may be pas- y Court established or that may be establis- authority of the Governor General of Council for the administration of Criminal in States or Territories administered b- rs acting under the authority of the East I- Company, although such States or subject to the Government of c- residencies of Fort William in Bengal, Fort- George or Bombay, or are not subject to the operation of the General Regulations.

II. And it is hereby enacted, that a warrant under the Official Seal and Signature of the Officer

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল ২৯ আগষ্ট।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ২৯ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের ক্ষমতানুসারে যে কর্ম্মকারকেরা কার্য্য করেন্ তাঁহারদের কর্তৃত্বাধীন দেশ অথবা প্রদেশে ফৌজদারী কর্ম্ম নির্ব্বাহ করণার্থ শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে নিযুক্ত আদালতের দণ্ডাজ্ঞা জারীর সুগম করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাপরহদ্দের বাহিরে কোম্পানি বাহাদুরের ক্ষমতানুসারে যে কর্ম্মকারকেরা কার্য্য করেন্ তাঁহারদের কর্তৃত্বাধীন দেশ বা প্রদেশের মধ্যে সেই দেশ বা প্রদেশ বাঙ্গলাস্থ ফোর্ট উলিয়ম অথবা মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর অধীন না থাকিলেও অথবা সাধারণ আইনের অধীন না হইলেও সেই দেশ অথবা প্রদেশের মধ্যে ফৌজদারী কার্য্য নির্ব্বাহের নিমিত্তে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের ক্ষমতাক্রমে যে কোন আদালত স্থাপন হইয়াছে বা উত্তর কালে হয় সেই আদালতের করা দণ্ডাজ্ঞা জেলখানার ভারপ্রাপ্ত নানা কার্য্যকারক জারী করিতে পারিবেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত দেশ বা প্রদেশের মধ্যে যে কর্ম্মকারক বা কর্ম্মকারকেরা

or Officers exercising Criminal jurisdiction within such States or Territories as aforesaid shall be sufficient authority for holding any prisoner in confinement, or for transmitting any prisoner for transportation beyond Sea, or for inflicting any other punishment prescribed therein.

III. And it is hereby enacted, that if any Officer in charge of a Jail shall entertain any doubt as to the legality of any warrant sent to him for execution under this Act, or as to the competency of the person or persons whose Official Seal and Signature may be affixed thereto to pass the sentence and issue such warrant, such Officer shall refer the matter to the Government to which he is subject, by whose order on the case such Officer and all other public Officers shall be guided as to the future disposal of the prisoner, and that pending any such reference, the prisoner shall be detained in custody in such manner and with such restrictions or mitigations as may be specified in the warrant.

IV. And it is hereby enacted, that the provisions of the existing Acts and Regulations, and all other rules in force for the treatment and security of prisoners confined in the said jails, shall apply and be of equal force and effect in the case of prisoners confined therein under this Act as in the case of other prisoners confined therein.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 29th day of October next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

ফৌজদারী কার্য্য নির্ব্বাহ করিতেছেন তাঁহারদের পদোপলক্ষে মোহর ও সহী করা ওয়ারণ্ট হইলে তাহাই কোন আসামীকে কয়েদে রাখণের অথবা কোন আসামীকে দ্বীপান্তরে প্রেরণের কি তাহার মধ্যে লিখিত অন্য কোন দণ্ড করণের প্রচুর ক্ষমতা হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জেলখানার ভারপ্রাপ্ত কোন আমলার নিকটে এই আইনক্রমে জারী করণার্থ যে কোন ওয়ারণ্ট পাঠান গিয়াছে তাহা আইনসিদ্ধ কি না এই বিষয়ে অথবা যে ব্যক্তি বা ব্যক্তিরদের পদোপলক্ষে মোহর বা সহী তাহাতে দেওয়া গিয়া থাকে সেই ব্যক্তি বা ব্যক্তিরদের সেই দণ্ডাজ্ঞা দিবার এবং সেই প্রকার ওয়ারণ্ট বাহির করিবার ক্ষমতা আছে কি না এই বিষয়ে সন্দেহ হইলে সেই কর্ম্মকারক যে গবর্ণমেণ্টের অধীন তাঁহার প্রতি সেই বিষয় অর্পণ করিবেন এবং আসামীকে লইয়া উত্তর কালে যাহা করিতে হইবেক তদ্বিষয়ে সেই কর্ম্মকারক এবং অন্য সকল সরকারী কর্ম্মকারক সেই গবর্ণমেণ্টের হুকুমানুসারে কার্য্য করিবেন। এবং সেই বিষয় অর্পণ থাকন সময়ে ঐ ওয়ারণ্টে যেরূপ লেখা থাকে এবং তাহাতে যে নিষেধের বা ক্ষমার হুকুম থাকে তদনুসারে সেই আসামীকে কয়েদে রাখা যাইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত জেলখানায় কয়েদথাকা আসামীরদের রক্ষণাবেক্ষণ ও নির্ব্বিঘ্নে রাখণের বিষয়ে চলিত আইনে যে২ বিধান আছে এবং যে সকল নিয়ম চলন আছে সেই আইন এবং নিয়ম যেরূপে ঐ জেলখানায় কয়েদহওয়া অন্য আসামীর বিষয়ে খাটে সেইরূপে এই আইনক্রমে কয়েদহওয়া আসামীরদের বিষয়ে তত্তুল্য প্রবল ও চলন হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৯ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 23d October, 1846.

The leave of absence for two months in excess of the Dusserah Vacation, granted to Gholam Hakavee, on the 4th ultimo, is cancelled at his own request.

B. J. Colvin, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ২৩ অক্টোবর।

শ্রীযুত গোলাম হকাবি গত মাসের ৪ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে দুই মাসের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন। এক্টিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১২৪৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৪ অক্টোবর।

শ্রীযুত আনন্দগোপাল বিদ্যালঙ্কারের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত পণ্ডিত হারানন্দ মিশ্র ঢাকা চাকলার পাণ্ডিত্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৬ সাল ১৯ অক্টোবর।

শ্রীযুত এচ এফ জেম্‌স সাহেব (Mr. H. F. James,) নদীয়ার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৬ সাল ২১ অক্টোবর।

শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) বাকরগঞ্জে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৭ অক্টোবর।]

শ্রীযুত জে টৈনান সাহেব (Mr. J. Tynan,) মশোহরে নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

পাবনার একটিং সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr. J. K. Walter,) ঐ স্থানের ডাকাধ্যক্ষও হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৪ অক্টোবর।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেবকে (Mr. F. B. Kemp,) গত মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ১৪ তারিখঅবধি রহিত হইল সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিতকে গত মাসের ২৩ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি আরম্ভ হইবেক।

১৮৪৬ সাল ১৭ অক্টোবর।

ত্রিহুতের মাজিস্ট্রেট এবং কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এচ আর মাডক্স সাহেব (Mr. H. R. Madocks,) আপন কর্ম্ম স্থানে পঁহুছিবার জন্যে বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ২১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৯ অক্টোবর।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) আপন কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের (Mr. C. T. Buckland,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বকলাণ্ড সাহেব কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৬ সাল ২১ অক্টোবর।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত ডবলিউ ব্লণ্ট সাহেবকে (Mr. W. Blunt,) গত মাসের ১৬ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৪ অক্টোবর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ এস রীড সাহেব (Mr. H. S. Reid,) ও শ্রীযুত সি বি ডেনিসন সাহেব (Mr. C. B. Denison,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

১৮৪৬ সাল ১৭ অক্টোবর।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের (Mr. C. T. Buckland,) প্রতি অর্পণ করেন্।

১৮৪৬ সাল ২১ অক্টোবর।

১৮৪৬।৪৭ সালের ছুটী প্রাপণার্থী যে সাহেবেরদের নাম বর্ত্তমান মাসের ১৪ তারিখে প্রকাশ হয় তদতিরিক্ত নীচের লিখিত সাহেবেরদের প্রার্থানাপত্র অদ্যকার তারিখপর্য্যন্ত প্রাপ্ত হওয়া গিয়াছে।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young.)

শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr. C. H. Lushington.)

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৬৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২১ অক্টোবর।

শ্রীযুত জি ডবলিউ ব্রৌণ সাহেব (Mr. G. W. Brown,) ও শ্রীযুত এচ কেব সাহেব (Mr. H. Cave,) পূরণিয়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত ডাক্তর আর বি কিন্সি সাহেব (Dr. R. B. Kinsey,) ত্রিহুতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ত্রিহুতের শ্রীযুত মাজিস্ট্রেট সাহেব এবং শ্রীযুত আর বি কিন্সি সাহেব (Mr. R. B. Kinsey,) ও শ্রীযুত ডবলিউ এচ আরকার্ট সাহেব (Mr. W. H. Urquhart,) ও শ্রীযুত মৌলবী এরাদৎ আলী ও শ্রীযুত সৈয়দ মহম্মদ তকী খাঁ ও শ্রীযুত মীর সাদৎআলী মুজফরপুর নগরে চৌকীদারীর ফাজিল টাকা ব্যয় করণার্থ নগরীয় কমিটি হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৪ অক্টোবর।

আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিস্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ই টি ডাল্টন সাহেব (Lieutenant E. T. Dalton,) বর্ত্তমান মাসের ১২ তারিখে জিলা গোআলপাড়ার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করেন।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুল্সবরি সাহেব (Mr. F. Gouldsbury,) দায়ের সায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুত মেজর জেনরল এফ বি রেপর সাহেব (Major General F. V. Raper,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন সিরিশ্তার ও খাজানাখানার ভার শ্রীযুত এচ পি রসেল সাহেবের প্রতি (Mr. H. P. Russell,) অর্পণ করেন্।

শ্রীযুত এ মার্চ ফিলিপ্স সাহেব (Mr. A. March Phillips,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "ওএলেসলি" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্ ঐ জাহাজ গত মাসের ২৩ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.
LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এত্তেলানামা কাছারী কালেক্‌টরী জেলা যশর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারামতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত রাজস্ব বাকীপড়া মহালাত এই কালেক্‌টরী কাছারীতে সন ১৮৪৬ সালের ১২ নবেম্বর মোতাবেক সন ১২৫৩ সালের ২৮ কার্ত্তিক বৃহস্পতিবার নিয়মিত সময়ে বিনাওজরে নীলামে বিক্রী হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ২০ অক্‌টোবর মোতাবেক সন ১২৫৩ সাল তারিখ ৫ কার্ত্তিক।

শ্রেণী নম্বর	মহালের প্রকার	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	তৌজীতে লিখিত মালেকেরদিগর নাম	সদর জমা	তায়ন বাকী	কৈ২
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল... ...	৯৯১	তরফ হরিপুর পং মাহামুদ সাহি ওগয়রহ ...	সাফলরাম বক্‌শী ও মদনমোহন মজুমদার ও বসরা ওল্লা মজুমদার ও রামচাঁদ রায় ওং ...	১০৫৮/৮	লাং ভাদ্র সন ১২৫৩ সাল ২৭২৶	এই মহালের ষোল আনা রকম বিক্রী হইবেক।
ঐ	ঐ	৩১৬২	কিং নন্দলালপুর দিগর পং জাঙ্গিরাবাদ মাহামুদ সাহি	কুশই সরকার মুং ভৈরবচন্দ্র বক্‌শী দিগর ...	১১৯ ॥০	২৪৮৶৮	ঐ

R. HAMPTON, *Offg. Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাঅনুসারে জেলা রাজশাহির নীচের লিখিত মহাল ইঙ্গরেজী ১৮৪৬ সনের অক্‌টোবর মাসের ৭ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ইঙ্গরেজী ১৮৪৬ সনের ১৩ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৫৩ সনের ২৯ কার্ত্তিক শুক্রবার দিবস দিবা দুই প্রহরের পর কালেক্‌টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইং তারিখ ১৪ অক্‌টোবর মোতাবেক বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ২৯ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৬ সালের ৭ অক্‌টোবরপর্য্যন্ত পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	৩৫০	৪ হিস্যা কিঃ কালী গাঁ কালী শঙ্খ রকম ৵৫। পং কালী গাঁ কালী শঙ্খ।	রুদ্রচন্দ্র সান্যাল দখিলকার তস্য পুত্র ভৈরব চন্দ্র সান্যাল	৩১০৶৭	২৬৸০	
ঐ	ঐ	৪৪৩	কিঃ পাঁচ পুনুবা রামে খরপুরদিগর তপ্পে চা পৈলা	দোস্ত মহম্মদ খাঁ ভবানীপ্রসাদ নেউগী রামধন চৌধুরীসাবিত্রী দেব্যা চৌধুরাণী জওজে ভৈরবনাথ চৌধুরী কৃপাময়ী চৌধুরাণী জওজে কালীকান্ত চৌধুরী মোতফা	৪৫৭৶১০	৩৪৶২	এই মহালের মধ্যে দোস্ত মহম্মদ খাঁ ও রামধন চৌধুরীর হিস্যা রকম ॥০ আনা জের বাটোয়ারাতে আছে তাহার খাজানা দাখিল হওয়াতে ঐ হিস্যা নীলাম হইতে খারিজ থাকিয়া বাকী রকম ॥০ আনা নীলাম হইবেক ইতি।

A. FORBES, *Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে যে

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে জিলা ময়মনসিংহের মোতালক নীচের লিখা মহাল ১২৫৩ সনের লাগাদ কিস্তী ভাদ্রের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৪৬ সনের ৯ নবেম্বর মোতাবকে ১২৫৩ সনের ২৫ কার্ত্তিক সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সন তারিখ ১২ অক্টোবর মোতাবকে ১২৫৩ সন তারিখ ২৭ আশ্বিন।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	১২৫৩ সনের লাগাদ কিস্তী ভাদ্রের বাকী	কৈফিয়ৎ
১	চিরস্থ বন্দোবস্তী	৫১৭৫	পং কাগমারী মৌজে খারুয়া	শিবপ্রসাদ গুহ গয়রহ	৪৮৮ ।৶	১২১৲	

H. B. BERESFORD, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM PATRICK, JOHN WESTON CLIFF, ROBERT HORNIDGE BUCKLAND, and ALBERT MIRABEAU DOWLEANS, heretofore carrying on business with William Hunter Smoult, in copartnership together at Calcutta, under the style or firm of Tulloh and Company, Insolvents.

NOTICE is hereby given, that at a Court holden on Monday, the nineteenth day of October instant, it was ordered amongst other things that the hearing of the matters of the said Insolvents should be adjourned to Saturday next, the twenty-fourth day of October instant.

W. N. HEDGER, *Insolvents' Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন টালা কোম্পানির নামে কলিকাতা নগরে উলিয়ম হন্টর স্মৌল্ট সাহেবের সঙ্গে কর্ম্মকারি উলিয়ম পাত্রিক সাহেব ও জান ওএস্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ১৯ তারিখ সোমবারে অন্যান্য বিষয়ের মধ্যে ইহারো হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের বিষয়ের শুননি বর্ত্তমান অক্টোবর মাসের ২৪ তারিখ শনিবারে হয়।

ডবলিউ এন হেজর। যোত্রহীনেরদের উকীল।

In the matter of ROBERT HORNIDGE BUCKLAND, an Insolvent.

NOTICE is hereby given, that at a Court holden on Monday, the nineteenth day of October instant, it was ordered that the hearing of the matters of the said Insolvent, should be adjourned to Saturday next, the twenty-fourth day of October instant.

W. N. HEDGER, *Attorney.*

যোত্রহীন রাবর্ট হর্ণিজ বকলাণ্ড সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ১৯ তারিখ সোমবারে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের বিষয়ের শুননি বর্ত্তমান অক্টোবর মাসের ২৪ তারিখ শনিবারে হয়।

ডবলিউ এন হেজর। উকীল।

In the matter of JOHN WESTON CLIFF, an Insolvent.

NOTICE is hereby given, that at a Court holden on Monday, the nineteenth day of October instant, it was ordered amongst other things that the hearing of the matters of the said Insolvent, should be adjourned to Saturday, the twenty-fourth day of October instant.

W. N. HEDGER, *Attorney.*

যোত্রহীন জান ওএস্টন্ ক্লিফ সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ১৯ তারিখ সোমবারে অন্যান্য বিষয়ের মধ্যে ইহারো হুকুম হইল যে উক্ত যোত্রহীনের বিষয়ের শুননি বর্ত্তমান অক্টোবর মাসের ২৪ তারিখ শনিবারে হয়। ডবলিউ এন হেজর। উকীল।

In the matter of ALBERT MIRABEAU DOWLEANS, an Insolvent.

NOTICE is hereby given, that at a Court holden on Monday, the nineteenth day of October instant, it was ordered that the hearing of the matters of the said Insolvent, should be adjourned to Saturday next, the twenty-fourth day of October instant.

THOMAS and CAMPION, *Insolvent's Attornies.*

যোত্রহীন আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান অক্টোবর মাসের ১৯ তারিখ সোমবারে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের বিষয়ের শুননি বর্ত্তমান অক্টোবর মাসের ২৪ তারিখ শনিবারে হয়।

তামস ও কেম্পিয়ন। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 27th October*, 1846.]

In the matter of the Petition of AURON JOSUAH EZEKIEL GUBBOY, late of Moorgeehutta, in the town of Calcutta, Merchant, and late a Prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies.

NOTICE is hereby given, that at a Court holden on Monday, the nineteenth day of October instant, it was and is ordered that the hearing of the matters of the petition of the said Insolvent, be adjourned to Monday, the ninth day of November next.

Calcutta, 19th October, 1846. CH. STRETTELL, *Insolvent's Attorney.*

বিজ্ঞাপন।

এরুন জসুয়া ইজিকিএল গাবয় যিনি পূর্ব্বে শহর কলিকাতার মুরগিহাটায় বাস করিতেন এবং সওদাগর ছিলেন এবং এক্ষণে শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ ছিলেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিরদিগের উপকারার্থে হইয়াছে ঐ সকল নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন্ ইতি।

ইহার দ্বারা খবর দেওয়া যাইতেছে যে অক্টোবর মাহার ১৯ তারিখ শনিবার দিবসে আদালত অবধারিত হইয়াছিল তাহাতে এই হুকুম হয় যে উক্ত অক্ষম ঋণির আরজির বিষয় শ্রবণার্থে আদালতে নবেম্বর মাহার ৯ তারিখ শনিবার দিবসে নির্দ্ধারিত করিয়াছেন ইতি।

কলিকাতা। ১৮৪৬ সাল। ১৯ অক্টোবর। সি ষ্ট্রেটেল। যোত্রহীনের উকীল।

That by an order of the said Court, made on the 17th day of October instant, the matters of the Petition and Schedule of RAMTONOO ROY, an Insolvent, has been adjourned to Saturday, the 7th day of November next. 24th October, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

উক্ত আদালতের বর্ত্তমান অক্টোবর মাসের ১৭ তারিখের হুকুমক্রমে যোহীন রামতনু রায়ের তফসীল ও দরখাস্তের মর্ম্ম আগামি নবেম্বর মাসের ৭ তারিখ শনিবারে শুনা যাইবেক।

কলিকাতা ১৮৪৬। ২৪ অক্টোবর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of JAMES SMALL, late of Royd Street, in the Town of Calcutta, Merchant, a Member of the firm of Small and Company, and late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the fifth day of December next.

The names of the creditors of the said Insolvent appear in a Schedule filed with the said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 12th October, 1846. W. H. OWEN, *Attorney for the said Insolvent.*

স্মাল কোম্পানির নামে কর্ম্মকারি কলিকাতা নগরের রয়ড ষ্ট্রিট নিবাসি সওদাগর জেম্‌স স্মাল সাহেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ্জ রাজার অধিকারের নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা ১৮৪৬। ১২ অক্টোবর। ডবলিউ এচ ওএন। যোত্রহীনের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

ইশ্‌তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের মেকদ্দমার রিপোর্ট ঐ আদালতের উকীল শ্রীযুত আলেন আলেকজাণ্ডর সেরেষ্টর সাহেবকর্ত্তৃক প্রস্তুত হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৭ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 3, 1846.

কলিকাতা, মঙ্গলবার ১৮৪৬ সাল ৩ নবেম্বর।

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

17th August, 1846.—The Sudder Dewanny Adawlut, directed a zillah judge to re-admit, under Act XVI. 1845, an appeal improperly dismissed by his predecessor in office under Act XXIX. 1841.

Pran Kishen Gopt—Petitioner.

The petitioner's application for the re-admission of an appeal under Act XVI. 1845, had been rejected by the officiating judge of zillah Mymensing, on the 3rd April, 1846, under the following circumstances:

The petitioner had appealed to the zillah judge from a decision of the principal sudder ameen, on the 4th March, 1845.—and to save the penalty of default under Act XXIX. of 1841, he should have filed the petition containing the grounds of appeal on the 15th of the following month; but that day and the next being established holidays, he could not do so till the 17th April, when he presented the petition; notwithstanding which, the zillah judge dismissed the appeal for default, on that day. An application for review of judgment was also refused by the same officer on the 28th May, 1845. Subsequently the petitioner, on the 3rd November of that year, applied for the re-admission of the appeal under Act XVI. 1845, but his prayer being refused by the officiating judge on the 3rd April, 1846, he appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (Mr. Reid). "As the 15th and 16th April must be considered as no days in law, the petitioner had a right to file his reasons for appeal on the 17th. Act XVI. 1845, allows the re-admission of an appeal, if the dismissal be caused

[*Government Gazette, 3d November*, 1846.]

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৬ সাল ১৭ আগষ্ট।

জিলার জজ সাহেবের পূর্ব্ব পদস্থ জজ সাহেব ১৮৪১ সালের ২৯ আইনানুসারে অনুচিতমতে এক আপীল ডিসমিস করিয়াছিলেন সেই আপীল ১৮৪৫ সালের ১৬ আইনানুসারে পুনর্ব্বার গ্রাহ্য করিতে সদর দেওয়ানী আদালত ঐ জিলার জজ সাহেবকে হুকুম করিলেন।

প্রাণকৃষ্ণ গুপ্ত দরখাস্তকারী।

১৮৪৫ সালের ১৬ আইনক্রমে আপীল পুনর্গ্রাহ্য করণের বিষয়ে দরখাস্তকারী যে দরখাস্ত করিল তাহা জিলা ময়মুনসিংহের একটিং জজ সাহেব পশ্চাৎ লিখিত কারণপ্রযুক্ত ১৮৪৬ সালের ৩ আপ্রিল তারিখে নামঞ্জুর করিলেন।

প্রধান সদর আমীনের নিষ্পত্তির উপর দরখাস্তকারী ১৮৪৫ সালের ৪ মার্চ তারিখে জিলার জজ সাহেবের নিকটে আপীল করিল। ১৮৪১ সালের ২৯ আইনক্রমে তাহার আপীল কসুরপ্রযুক্ত ডিসমিস না হয় এই নিমিত্ত তাহার উচিত ছিল যে মোকদ্দমার অজুহাতের দরখাস্ত তৎপর মাসের ১৫ তারিখে দাখিল করে কিন্তু সেই দিবস এবং তৎপর দিবস নিরূপিত পরব হওয়াতে সে ব্যক্তি ১৭ আপ্রিল তারিখের পূর্ব্বে ঐ দরখাস্ত দাখিল করিতে পারিল না। সেই দিবসে দরখাস্তকারী আপন দরখাস্ত দাখিল করিল তথাপি জিলার জজ সাহেব সেই দিবসে কসুরপ্রযুক্ত আপীল ডিসমিস করিলেন। তৎপরে দরখাস্তকারী পুনর্ব্বিচারের দরখাস্ত করিল কিন্তু জজ সাহেব ১৮৪৫ সালের ২৮ মে তারিখে তাহা নামঞ্জুর করিলেন। তৎপরে দরখাস্তকারী সেই বৎসরের ৩ নবেম্বর তারিখে ১৮৪৫ সালের ১৬ আইনক্রমে আপন আপীল পুনর্ব্বার গ্রাহ্য হওনার্থ দরখাস্ত করিল কিন্তু একটিং জজ সাহেব তাহার প্রার্থনা ১৮৪৬ সালের ৩ আপ্রিল তারিখে স্বীকার করিলেন না এবং দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে "আপ্রিল মাসের ১৫ ও ১৬ তারিখ আইনানুসারে আদালতের দিবসের মধ্যে গণ্য নহে এমত জ্ঞান করিতে হইবেক অতএব দরখাস্তকারির আপীলের অজুহাৎ আপ্রিল মাসের ১৭ তারিখে দাখিল করিতে

by unavoidable accident. I hold the mis-direction of the judge to be a cause which could not be avoided by the petitioner. Therefore the officiating judge ought to have re-admitted the appeal, which he is now directed to do."

Order accordingly.

18th August, 1846.—The omission to specify by name, one of the defendants in a civil suit, who was otherwise adequately described, was held to be an insufficient ground of non-suit.

Bhugwuttee Dassee—Petitioner.

The principal sudder ameen of the 24-Pergunnahs had non-suited, in appeal, the petitioner's suit against Petumber Ghose and others, because she had not distinguished, by name, the mother of Kylas Chunder Bose and Nubbeen Chunder Bose, minor sons of Bhola Nath Bose, one of the defendants, which the principal sudder ameen held to be requisite by Section 3, Regulation IV. 1793.

On appeal to the Sudder Dewanny Adawlut, copy of the plaint was called for, from which it appeared, that the female defendant in question, was described as mother of Kylas Chunder Bose, and Nubbeen Chunder Bose, minor sons of the late Bhola Nath Bose.

The Court (present Mr. Reid) considered this to be a sufficient description, as there could be no doubt as to who was the person meant. The order of the principal sudder ameen was accordingly reversed and he was directed to restore the appeal to the file.

25th August, 1846.—The zillah judge is alone competent to admit a supplemental plaint to be filed by a pauper plaintiff.

Hur Chunder Lahooree—Petitioner.

Muddun Mohun Raiee Chowdry, a pauper plaintiff, whose suit against the petitioner and others had been referred to the principal sudder ameen for decision, on applying to be allowed to file a supplemental plaint to include the collector of the district among the defendants, and some other land among the property claimed, had been directed by the principal sudder ameen to prefer his application to the zillah judge. This he accordingly did, when the judge by an order dated 18th January, 1846, required the principal sudder ameen to dispose of the application himself.

On appeal by the petitioner to the Sudder Dewanny Adawlut, the Court (present Mr. Reid) held, that, as on the original petition of a pauper plaintiff, it was necessary under Act IX. of 1839, as explained by Circular Order No. 27, dated August 11th 1843, that the judge should decide as to the existence of sufficient grounds for the institution of a suit, so he was the proper officer to determine whether there was probable cause for instituting the suit against the new defendant and for

হক ছিল। ১৮৪৫ সালের ১৬ আইনেতে হুকুম আছে যে আপীল যদি অনিবার্য্য ঘটনাপ্রযুক্ত ডিসমিস হয় তবে তাহা পুনর্ব্বার গ্রাহ্য হইতে পারে। আমার বোধ হয় যে জজ সাহেবের ভ্রম দরখাস্তকারির অনিবার্য্য কারণের ন্যায় জ্ঞান করিতে হইবেক। অতএব আপীল পুনর্ব্বার গ্রাহ্য করিতে একটিং জজ সাহেবের উচিত ছিল এবং তাহা পুনর্ব্বার গ্রাহ্য করিতে এক্ষণে হুকুম হইতেছে।

তদনুসারে হুকুম হইল।

১৮৪৬ সাল ১৮ আগষ্ট।

বিধান হইল যে দেওয়ানী মোকদ্দমায় এক জন আসামীর নাম বিশেষ করিয়া না লেখা গেলেও যদি অন্য প্রকারে ঐ আসামীর স্পষ্টরূপে বর্ণনা করা গিয়াছে তবে ঐ না লেখা মোকদ্দমা ননসুট করণের উপযুক্ত কারণ নয়।

ভগবতী দাসী দরখাস্তকারিণী।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন পীতাম্বর ঘোষ ও অন্যেরদের বিরুদ্ধে দরখাস্তকারিণীর যে মোকদ্দমা ছিল তাহার আপীল ইহা বলিয়া ননসুট করিলেন যে দরখাস্তকারিণী এক জন আসামী অর্থাৎ ভোলানাথ বসুর নাবালক পুত্র কৈলাশচন্দ্র বসু এবং নবীনচন্দ্র বসুর মাতার নাম বিশেষ করিয়া লিখিল না। প্রধান সদর আমীন বিবেচনা করিলেন যে ১৭৯৩ সালের ৪ আইনের ৩ ধারানুসারে সেইরূপে নাম বিশেষ করিয়া লিখিবার আবশ্যক ছিল।

পরে সদর আদালতে আপীল হইলে দরখাস্তের নকল তলব হইল তাহাতে দৃষ্ট হইল যে ঐ স্ত্রী আসামী মজকুর মৃত ভোলানাথ বসুর নাবালক পুত্র কৈলাশচন্দ্র বসু ও নবীনচন্দ্র বসুর মাতা বলিয়া লেখা ছিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব হুকুম করিলেন যে তাহাকে এরূপে বর্ণনাকরা প্রচুর কেননা ঐ মাতা যাহাকে বুঝায় এই বিষয়ে সন্দেহ হইতে পারে না অতএব প্রধান সদর আমীনের হুকুম অন্যথা করা গেল এবং ঐ আপীল পুনর্ব্বার নথীর শামিল করিতে হুকুম হইল।

১৮৪৬ সাল ২৫ আগষ্ট।

পাপর ফরিয়াদীকে অবশেষ দরখাস্ত দাখিল করিবার অনুমতি দিতে কেবল জিলার জজ সাহেবের ক্ষমতা আছে।

হরচন্দ্র লাহিড়ী দরখাস্তকারী।

দরখাস্তকারি ও অন্যেরদের নামে মদনমোহন রায় চৌধুরী নামে এক জন পাপর ফরিয়াদী নালিশ করিয়াছিল এবং ঐ মোকদ্দমা প্রধান সদর আমীনের নিষ্পত্তির নিমিত্ত তাঁহার নিকটে অর্পণ হইল। পরে ঐ ফরিয়াদী কালেক্টর সাহেবকেও আসামী করিবার জন্যে এবং দাবীর সম্পত্তি ছাড়া অন্য ভূমির বিষয়ে নালিশ করণার্থ অবশেষ এক দরখাস্ত দাখিলকরণের অনুমতি প্রার্থনা করিল। প্রধান সদর আমীন জিলার জজ সাহেবের নিকটে সেই দরখাস্ত করিতে হুকুম করিলেন। ফরিয়াদী সেইরূপ করিল কিন্তু জজ সাহেব ১৮৪৬ সালের ১৮ জানুআরি তারিখে প্রধান সদর আমীনকে সেই দরখাস্তের বিষয় নিষ্পত্তি করিতে হুকুম দিলেন।

অপর দরখাস্তকারী আপীল করিলে সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব বিধান করিলেন যে ১৮৪৩ সালের ১১ আগষ্ট তারিখের ২৭ নম্বরী সরকুলর অর্ডরে যে রূপ ১৮৩৯ সালের ৯ আইনের অর্থ হইয়াছে সেইরূপে ঐ ১৮৩৯ সালের ৯ আইনানুসারে পাপর ফরিয়াদীর আসল দরখাস্ত দাখিল হইলে মোকদ্দমা উপস্থিত করণের প্রচুর কারণ আছে কি না এই বিষয়ে জজ সাহেবের স্বয়ং নিষ্পত্তি করণের আবশ্যক ছিল অতএব নূতন আসামীর নামে এবং নূতন সম্পত্তির বিষয়ের মোকদ্দমা উপস্থিত করণের উপযুক্ত কারণ আছে কি না ইহাও ঐ জিলার

the new property. The order of the principal sudder ameen, referring the plaintiff to the judge, was consequently considered quite proper; and it was ruled, that the latter should have determined after due observance of Clause 3, Section 6, Regulation XXVI. 1814, whether the supplemental plaint should be allowed to be filed, or not.

The case was sent back to the judge to act accordingly.

1st September, 1846.—The Sudder Dewanny Adawlut reversed the illegal order of a zillah judge in a case, in which his legal order would have been final and not subject to appeal.

Aladh Munee—Petitioner.

This was an appeal from an order of the judge of zillah Jessore, dated 15th December, 1845, appointing Pearee Munnee Gosayn Dibbea, curator, under Act XIX. of 1841, of the property left by Birj Lall Gosayn, Mohunnee Mohun Gosayn, and Kunnuc Munjooree Dibbea, the deceased heirs of Roop Lall Gosayn.

It was established that the application of Pearee Munnee to be appointed curator, had not been preferred to the judge within six months of the decease of the above individuals, as required by Section 14, of the Act; but as the order of the zillah judge in cases under the Act is declared by Section 18, to be final, the question arose whether the Sudder Dewanny Adawlut had power to interfere with the order appealed against, even contrary to law as it was.

On the subject being referred to a full Court, it was unanimously ruled, that Section 18, is imperative only in such cases as are brought legally before the zillah judge, and not when the application for the appointment of a curator, is made more than six months after the death of the proprietor contrary to the provisions of Section 14.

The order of the zillah judge was accordingly reversed.

1st September, 1846.—In the case of lands sold to satisfy a decree for rent due on their account, the decree-holder has a preferable claim to the proceeds of sale.

Bhowannee Purshad Rai—Petitioner.

The petitioner appealed to the Sudder Dewanny Adawlut against an order of the principal sudder ameen of zillah Rungpore, dated 10th September, 1845, allowing certain decree-holders to share rateably with him in the proceeds of sale of a tennre sold, on the 8th April preceding, in execution of a decree which he had obtained, for rent due on account of it by Musst. Chumpisree and Govind Peria.

By the Court (Mr. Reid). "The sale took place on the 8th April, 1845, previous to which certain decree-holders had sued out attachment against the property, on dates as per margin,* who, under

* 24th May, 1843; 27th April, 1844; 15th June, 1844; 10th February, 1845.

জজ সাহেবের স্বয়ং নির্দ্ধারণ করা উচিত। অতএব প্রধান সদর আমীন জজ সাহেবের নিকটে ফরিয়াদীর দরখাস্ত অর্পণ করণের যে হুকুম দিলেন তাহা অতিউপযুক্ত বোধ হইতেছে এবং এই বিধান হইল যে জজ সাহেবের উচিত ছিল যে ১৮১৪ সালের ২৬ আইনের ৬ ধারার ৩ প্রকরণের বিধান প্রতিপালনের পর ঐ অবশেষ দরখাস্ত গ্রাহ্য করা যাইবেক কি না ইহা তিনি আপনি নিষ্পত্তি করেন্।

অতএব তন্নিমিত্ত জজ সাহেবের নিকটে মোকদ্দমা ফিরিয়া পাঠান গেল।

১৮৪৬ সাল ১ সেপ্টেম্বর।

যে বিষয়ে জিলার জজ সাহেবের হুকুম আইনসিদ্ধ হইলে চূড়ান্ত হইত এবং তাহার উপর আপীল হইতে পারিত না সেই বিষয়ে ঐ জজ সাহেবের বেআইনী হুকুম সদর দেওয়ানী আদালত অন্যথা করিলেন।

আহ্লাদমণি দরখাস্তকারিণী।

১৮৪৫ সালের ১৫ ডিসেম্বর তারিখে জিলা যশোহরের জজ সাহেব রূপলাল গোঁসাইয়ের উত্তরাধিকারী ব্রজলাল গোঁসাই ও মোহনীমোহন গোঁসাই ও কনকমঞ্জরী দেবী যে সম্পত্তি রাখিয়া মরে তাহার রক্ষকতা কর্ম্মে প্যারীমণি গোঁসাই দেবীকে ১৮৪১ সালের ২১ আইনানুসারে নিযুক্ত করিলেন।

তাহাতে ইহা সাব্যস্ত হইল যে প্যারীমণির রক্ষকতা কর্ম্মে নিযুক্ত হওনের দরখাস্ত ঐ আইনের ১৪ ধারার হুকুমানুসারে উক্ত ব্যক্তিদের মরণের পর ছয় মাসের মধ্যে জজ সাহেবের নিকটে দাখিল হয় নাই। কিন্তু ঐ আইনের ১৮ ধারাতে বিধান আছে যে ঐ আইনসম্পর্কীয় সকল বিষয়ে জিলার জজ সাহেব যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক। তাহাতে এই জিজ্ঞাস্য উঠিল যে যে হুকুমের উপর আপীল হইয়াছে তাহা বেআইনী হওয়াতে সেই বিষয়ে সদর দেওয়ানী আদালত হস্তক্ষেপ করিতে পারেন কি না।

এই বিষয় সম্পূর্ণ আদালতে অর্পণ হওয়াতে সকল জজ সাহেব ঐক্য হইয়া বিধান করিলেন যে আইন সিদ্ধমতে যে২ বিষয় জিলার জজ সাহেবের নিকটে উপস্থিত হয় কেবল সেই২ বিষয়ে ১৮ ধারার বিধান খাটিবেক কিন্তু যখন রক্ষক নিযুক্ত করণের দরখাস্ত ১৪ ধারার বিধানের বিরুদ্ধে সম্পত্তির মালিকের মরণের পর ছয় মাস গত হওনানন্তর দাখিল হয় তখন ঐ ১৮ ধারা খাটে না।

তাহাতে জিলার জজ সাহেবের হুকুম অন্যথা করা গেল।

